

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(1st Semester)

Course No. : BNGAEC-101T

(সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ)

পূর্ণমান : ৫০
উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো তিনটি প্রশ্ন নিয়ে পনেরোটি প্রশ্নের
উত্তর দাও :

১×১৫=১৫

UNIT—I

- ১। সংযোগের ইংরেজি প্রতিশব্দ কী ?
- ২। সংযোগবিদ্যা নিয়ে সর্বপ্রথম কে আলোচনা করেছিলেন ?
- ৩। 'Interview'-এর বাংলা প্রতিশব্দ কী ?
- ৪। কোন্ ধরনের সাক্ষাৎকারে কয়েকজন প্রার্থীর একসঙ্গে
সাক্ষাৎকার নেওয়া হয় ?

UNIT—II

- ৫। নথি সংরক্ষণের মাধ্যমকে কী বলা হয় ?
- ৬। যে সমস্ত নথিপত্র মাঝে মাঝে প্রশাসনিক কাজে ব্যবহৃত হয় তাকে কী নথি বলে ?
- ৭। বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :
- (ক) Document
- (খ) Report
- ৮। প্রতিবেদন যিনি লেখেন তাঁকে কী বলা হয় ?

UNIT—III

- ৯। 'বীরঙ্গনা' কাব্য কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?
- ১০। 'বীরঙ্গনা' কাব্য মধুসূদন দত্ত কাকে উৎসর্গ করেছিলেন ?
- ১১। শূর্পগন্ধা কে ছিলেন ?
- ১২। সোমদেব কে ?

UNIT—IV

- ১৩। ‘মধ্যবর্তিনী’ গল্পে কয়টি পরিচ্ছেদ আছে?
- ১৪। ‘দেনাপাওনা’ গল্পের প্রকাশকাল কত?
- ১৫। রবীন্দ্রনাথের প্রথম ছোটগল্প কোনটি?
- ১৬। “তুই আবার মাখনকে মেরেছিস।” উক্তিটি কার?

UNIT—V

- ১৭। মেলা কাকে বলে?
- ১৮। একটি অঙ্গনের খেলার নাম লেখো।
- ১৯। নবান্ন উৎসব কোন্ ঋতুতে হয়?
- ২০। “গ্রন্থ পরিক্রমায় সমালোচকের দার্শনিক অন্তর্দৃষ্টি থাকা প্রয়োজন।” মন্তব্যটি সঠিক না ভুল?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

UNIT—I

- ২১। ‘মনোলগ’কে কয়টি ভাগে ভাগ করা যায়, সেগুলি কী কী?
- ২২। সাক্ষাৎকার কেন নেওয়া হয়?

UNIT—II

২৩। নথি কত প্রকার ও কী কী?

২৪। সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝো?

UNIT—III

২৫। ‘নীলক্ষজের প্রতি জনা’ পত্র-কবিতাটি ‘মহাভারত’-এর কোন্ পর্ব অবলম্বনে রচিত? নীলক্ষজ কোন্ রাজ্যের রাজা ছিলেন?

২৬। “কে তুমি বিজন বনে ভ্রম হে একাকী।” কে, কাকে একথা বলেছে?

UNIT—IV

২৭। “বালক ডাঁটা চিবাইতে চিবাইতে কহিল, ‘ওই হোথা’।” বালকটি কে? কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?

২৮। ‘রামকানাইয়ের নিবুদ্ধিতা’ গল্পে সোনার চাঁদ ভাইপোটি কে? তার পিতার নাম কী?

UNIT—V

- ২৯। মেলা ও উৎসবের মধ্যে দুটি পার্থক্য লেখো।
- ৩০। বরাক উপত্যকা থেকে প্রকাশিত যে কোনো দুটি সংবাদপত্রের নাম লেখো।

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

UNIT—I

- ৩১। লেখ্য সংযোগের সুবিধা ও অসুবিধাগুলি আলোচনা করো।
- ৩২। সমবেত সংলাপে প্রার্থীকে কী কী বিষয়ে গুরুত্ব আরোপ করতে হবে, সংক্ষেপে আলোচনা করো।

UNIT—II

- ৩৩। নথি সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে আলোচনা করো।
- ৩৪। নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :

আমাদের শিক্ষা ও জীবনের মধ্যে বিরাজমান যে বিচ্ছেদ, তা অপসৃত করে উভয়ের মিলন সাধনে বাংলা ভাষা ও বাংলা সাহিত্যের আছে একটি গৌরবময় ভূমিকা। ‘বঙ্গদর্শন’-এ বঙ্কিমচন্দ্রের প্রবল প্রতিভা প্রথম সেই ব্যবধান ভেঙে ঘটিয়েছিল

আমাদের শিক্ষা ও অন্তঃকরণের এক আনন্দময় সন্মিলন। তাতে বাংলা ভাষার উৎসবমুখর আনন্দমূর্তি হয়ে ওঠে উদ্ভাসিত। আমাদের দৈনন্দিন জীবনের ক্ষুদ্রতা, মহিমার রশ্মিপাতে উজ্জীবিত হয়েছিল এক মহাজীবনের মন্ত্রে। পরিণামে বাংলা ভাষার আড়ষ্টতা গেল ঘুচে, বাংলা সাহিত্যে এলো গতিমুখর প্রাণোল্লাস। সেই সঙ্গে উপলব্ধ হলো যে, ইংরেজি আমাদের কাজের ভাষা—তার দ্বারা আমাদের ভাব-ভাবনার জীবন্ত প্রকাশ সম্ভব নয়। আর বাংলা ভাষা আমাদের প্রাণের ভাষা—কেবল তার দ্বারাই আমাদের বহু স্মৃতিসমৃদ্ধ মাধুর্যমণ্ডিত হৃদয়ের ভাবোচ্ছ্বাস পেতে পারে স্বচ্ছন্দ অভিব্যক্তি।

UNIT—III

৩৫। ‘লক্ষ্মণের প্রতি শূর্ণগথা’ কবিতায় শূর্ণগথা চরিত্রের মধ্য দিয়ে রোমান্টিক প্রেম-চেতনার যে প্রকাশ ঘটেছে তা আলোচনা করো।

৩৬। “পত্র-কবিতায় সংযোগের ভাষা সিদ্ধিলাভ করে সংলাপের যথার্থ প্রয়োগে।” পঠিত যে কোনো একটি পত্র-কবিতা অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

UNIT—IV

৩৭। ‘দেনাপাওনা’ গল্পে যে সামাজিক বিষয় প্রথার পরিণতি তুলে ধরা হয়েছে, তা বিশদ করো।

৩৮। ‘মধ্যবর্তিনী’ গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

UNIT—V

- ৩৯। বরাক উপত্যকায় প্রচলিত যে কোনো একটি খেলার সামগ্রিক পরিচয় দাও।
- ৪০। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সম্পর্কে একটি সচেতনতামূলক প্রতিবেদন প্রস্তুত করো।

★ ★ ★